# বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন
তেজগাঁও,ঢাকা-১২০৮।

| | | |
|---|---|---|
| বিষয় | : | মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী। |
| সভাপতি | : | জনাব নুজহাত ইয়াসমিন, ব্যবস্থাপনা পরিচালক, বিএফডিসি, ঢাকা। |
| তারিখ ও সময় | : | ২৩ নভেম্বর, ২০২৩, বৃহস্পতিবার, বেলা- ১১:০০ ঘটিকা। |
| স্থান | : | কর্পোরেশনের সভাকক্ষ। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। বিগত সভার কার্যবিবরণী অনুমোদন বিষয়ে সকলের মতামত আহ্বান করেন। সে প্রেক্ষিতে বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হয়। সভাপতির সম্মতিক্রমে আলোচ্যসূচি সমুহের উপর আলোচনা অনুষ্ঠিত হয় এবং সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্র নং | আলোচ্যসূচি | আলোচ্যসূচির বিবরণ ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১। | অডিট আপত্তিসমূহ নিস্পত্তি ও বার্ষিক অডিট সম্পন্ন বিষয়ক। | অমীমাংসিত ৬৩টি আপত্তির মধ্যে ১৬টি Non SFI এবং ৪৭টি SFI । এর মধ্যে ডিএসএল সংক্রান্ত ০২টি আপত্তিতে জড়িত ৮১৫৯.০০ লক্ষ টাকা এবং ছায়াছবির বকেয়া সংক্রান্ত মোট ২২টি আপত্তিতে জড়িত টাকার পরিমাণ ৫০২৭.৬৯ লক্ষ টাকা। ৮ ও ৯ নং ফ্লোর নির্মাণ সংক্রান্ত ০৫টি আপত্তি দুদকে মামলা থাকায় নিস্পত্তি করা যাচ্ছে না, জড়িত টাকা ৩৩৪.৫৮ লক্ষ টাকা। একই টাকা একাধিক আপত্তিতে অন্তর্ভুক্ত রয়েছে। AMMS-2.00 সফটওয়্যারে মোট ১০৭টি আপত্তি অনিস্পন্ন প্রদর্শন করা হয়েছে। নির্দেশনা মোতাবেক Reconciliation করার প্রস্তাব প্রেরণ করা হয়েছে। Reconciliation করার পর অনিস্পন্ন অডিট আপত্তির সংখ্যা হবে=৪৭টি। AMMS-2.00 প্রশিক্ষণ হবে ৩০/১১/২০২৩ তারিখে। প্রশিক্ষণ শেষ হলে AMMS-2.00 সফটওয়্যারের মাধ্যমে জবাব প্রেরণ করতে হবে। সে মোতাবেক একই টাকা একাধিক আপত্তিতে অন্তর্ভুক্ত আপত্তিগুলো নিস্পত্তির উদ্যোগ গ্রহণ করা হবে। এখন ম্যানুয়ালি ব্রডশীট জবাব নিরুৎসাহিত করা হচ্ছে। | (ক) বিদ্যমান অডিট আপত্তি নিস্পত্তির হার বাড়াতে হবে। এ লক্ষ্যে দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভা করা যেতে পারে। হাল সাল পর্যন্ত নিরীক্ষা সম্পন্ন করার জন্য অডিট অধিদপ্তরে প্রেরিত পত্রের বিষয়ে খোঁজ খবর নিতে হবে। | অতিরিক্ত পরিচালক (অর্থ) ও অডিট অফিসার |
| | | | (খ) দুদক কর্তৃক দায়েরকৃত মামলার তথ্যাদির আলোকে অডিট অফিসার পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | অডিট অফিসার |
| | | | (গ) রাঙ্গা বাঈদানী, কালামানুষ, মায়ের চিৎকার ও মহাল্লার মাস্তান ছায়াছবির মামলা সংক্রান্ত মতামতের বিষয়ে প্যানেল আইনজীবীর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে এবং নিয়মিত ফলোআপ করতে হবে। রাঙ্গা বাঈদানী ছবির বকেয়া আদায়ের বিষয়ে পৃথক মামলা করা যায় কিনা পরীক্ষা করে আইন কর্মকর্তা মতামত প্রদান করবেন।<br>(ঘ) ছায়াছবির বকেয়ার বিষয়ে জড়িত ২২টি আপত্তির বিষয়ে কোন কোন ছবির বকেয়া আদায়ের জন্য মামলা দায়ের করা যায়, তা পরীক্ষান্তে মতামত দেয়ার জন্য আইন কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | আইন কর্মকর্তা |
| ০২। | বিএফডিসির ভূমি সংক্রান্ত মামলা | আইন কর্মকর্তা সভাকে জানান, বিএফডিসির জমি সংক্রান্ত দেওয়ানী ১৩৮/৯২ মামলাটি অত্যন্ত পুরানো ও জটিল হওয়ায় নতুন নতুন আইনগত প্রশ্নের উদ্ভব হচ্ছে। পরিচালনা পর্ষদের ১৯৬তম সভায় পুরানো ও জটিল হওয়ায় মামলার প্রয়োজনে সিনিয়র আইন বিশেষজ্ঞ নিয়োগের বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে ক্ষমতা প্রদান করা হয়েছে। তাই বিএফডিসির ভূমি সংক্রান্ত মামলাসহ অন্যান্য মামলায় সরকারের স্বার্থ সংরক্ষণের জন্য জরুরী ভিত্তিতে আউটসোর্সিং এর মাধ্যমে একজন অবসরপ্রাপ্ত বিচারককে খন্ডকালীন বিশেষজ্ঞ হিসেবে নিয়োগের প্রয়োজন বলে আইন কর্মকর্তা অভিমত প্রকাশ করেন।<br>অপরদিকে মন্ত্রণালয়ের পত্রের আলোকে সার্বিক বিবেচনায় বিএফডিসির ভূমি সংক্রান্ত দেওয়ানী ১৩৮/১৯৯২, ৬৭২/২০১৭ ও ৩৮৪/২০১৯ মোকদ্দমার ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে অতিরিক্ত পরিচালক (অর্থ) কে নিযুক্ত করা হলো। মন্ত্রণালয়ের পত্রের আলোকে তিনি মোকদ্দমা ৩টির প্রতিধার্য তারিখের পর অগ্রগতি প্রতিবেদন ব্যবস্থাপনা পরিচালক বরাবর দাখিল করাসহ অন্যান্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে এফডিসির আইন কর্মকর্তা এতদবিষয়ে সার্বিক সহযোগিতা করবেন। এছাড়া বিএফডিসি'র ভূমি সংক্রান্ত সকল মামলা পরিচালনাকারী সংশ্লিষ্ট আইনজীবীদের সাথে আইন কর্মকর্তা নিবিড় যোগাযোগ রক্ষাসহ আদালতে নিয়মিত খোঁজ রাখবেন। উল্লেখ্য, বিএফডিসির ব্যবস্থাপনা পরিচালক ব্যক্তিগতভাবে মোকদ্দমা ৩টি তদারকি করবেন। | (ক) মন্ত্রণালয়ের পত্রের আলোকে সার্বিক বিবেচনায় বিএফডিসির ভূমি সংক্রান্ত দেওয়ানী ১৩৮/১৯৯২, ৬৭২/২০১৭ ও ৩৮৪/২০১৯ মোকদ্দমার ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে অতিরিক্ত পরিচালক (অর্থ) কে নিযুক্ত করা হলো। তিনি মন্ত্রণালয়ের পত্রের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | অতিরিক্ত পরিচালক (অর্থ) |
| | | | (খ) বিএফডিসি'র ভূমি সংক্রান্ত সকল মামলা পরিচালনাকারী সংশ্লিষ্ট আইনজীবীদের সাথে আইন কর্মকর্তা নিবিড় যোগাযোগ রক্ষাসহ আদালতে নিয়মিত খোঁজ রাখবেন। এছাড়া এতদবিষয়ে এফডিসির আইন কর্মকর্তা ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সার্বিক সহযোগিতা করবেন। | আইন কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩। | কোর্ট মামলা। | আইন কর্মকর্তা সভায় জানান, বর্তমানে ৩৮টি কোর্ট মামলা রয়েছে। Absorb হওয়া কর্মচারীদের দায়েরকৃত কন্টেম্পট মামলার বিষয়ে বিজ্ঞ প্যানেল আইনজীবী জনাব দীপঙ্কর দেবনাথকে পত্র দেয়া হয়েছে। মামলা বিষয়ে মন্ত্রণালয়ে নিয়মিত প্রতিবেদন প্রেরণ এবং সংশ্লিষ্ট আদালতে নিয়মিত যোগাযোগ করে হালনাগাদ প্রতিবেদন ব্যবস্থাপনা পরিচালক বরাবর প্রেরণ করার বিষয়ে সভায় মত প্রকাশ করা হয়। এছাড়া সভায় আলোচনাকালে পরিচালক (প্রশাসন ও অর্থ) মত ব্যক্ত করেন যে, আইন বিষয়ে আলাদা সভার আয়োজন করা যেতে পারে। | (ক) বিভিন্ন ধরণের কোর্ট মামলার বিষয়ে মন্ত্রণালয়ে নিয়মিতঃ প্রতিবেদন প্রেরণ করতে হবে। | আইন কর্মকর্তা |
| | | | (খ) দৈনিক ভিত্তিক কর্মচারীদের রায় বাস্তবায়নের বিষয়ে বিজ্ঞ প্যানেল আইনজীবী জনাব দীপঙ্কর দেবনাথের সাথে যোগাযোগ অব্যহত রাখতে হবে। | আইন কর্মকর্তা |
| | | | (গ) আইন বিষয়ে আলাদা সভার আয়োজন করতে হবে। | |
| ০৪। | ভাষাণটেকস্থ জমি ব্যবহার সংক্রান্ত। | কর্পোরেশনের মিরপুস্থ ভাষাণটেকের খালি জায়গা আয়বর্ধক কাজে ব্যবহারের বিষয়ে আলাদা সভার আয়োজন করা যেতে পারে। | এ বিষয়ে বিস্তারিত আলোচনার জন্য আলাদা সভার আয়োজন করতে হবে। | পরিচালক (কারিগরি ও প্রকৌশল) |
| ০৫। | ৬টি সমিতি থেকে বকেয়া আদায় সংক্রান্ত। | সভায় উপ-পরিচালক (অর্থ) জানান, শুধুমাত্র ক্যামেরা সমিতি বিদ্যুৎ বিল পরিশোধ করে। অন্যকোন সমিতি বিদ্যুৎ বিল পরিশোধ করে না। সভায় জানানো হয়, বিএফডিসির,পরিচালনা পর্ষদে ৩০৫তম সভায় সমিতিসমূহর নিকট বকেয়া ভাড়া, রক্ষণাবেক্ষণ চার্জ, বিদ্যুৎ ও পানির বিল আদায়ের বিষয়ে বিএফডিসি কর্তৃপক্ষ স্টেকহোল্ডারদের সাথে আলোচনাপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। সে আলোকে এ বিষয়ে সংশ্লিষ্ট সকল সমিতির সাথে সভা করা যেতে পারে। | ৬টি সমিতির নিকট বকেয়া আদায়ের বিষয়ে সভা আহ্বানের লক্ষ্যে হিসাব শাখা প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। | উপ-পরিচালক (অর্থ) |
| ০৬। | ছবির বকেয়া আদায় সংক্রান্ত। | ছবির বকেয়া আদায়ের লক্ষ্যে প্রযোজককে পত্র প্রদান ও পত্রের কপি বাংলাদেশ চলচ্চিত্র প্রযোজক পরিবেশক সমিতির প্রশাসক বরাবর প্রেরণ করার বিষয়ে মত প্রকাশ করা হয়। | ছবির বকেয়া আদায়ের জন্য উৎপাদন শাখা হতে সংশ্লিষ্ট প্রযোজকদের নিকট প্রেরিত পত্রের কপি বাংলাদেশ চলচ্চিত্র প্রযোজক পরিবেশক সমিতির প্রশাসক বরাবর প্রেরণ করতে হবে। | পরিচালক (উৎপাদন) |
| ০৭। | ই-ফাইলিং। | এ বিষয়ে সভায় আলোচনাকালে ব্যবস্থাপনা পরিচালক জানান, সরকারের এটুআই প্রকল্পের আওতায় ডিসেম্বর/২০২৩ মাস হতে ই-নথি'র পরিবর্তে ডি-নথির কার্যক্রম শুরু হবে। এতদবিষয়ে সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের লক্ষ্যে আইসিটি শাখা ব্যবস্থা গ্রহণ করবে। | ডি-নথির কার্যক্রম সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের লক্ষ্যে আইসিটি শাখা ব্যবস্থা গ্রহণ করবে। | আইসিটি শাখা |
| ০৮। | শাখা পরিদর্শন। | ব্যবস্থাপনা পরিচালক নিয়মিত সকল বিভাগের পরিদর্শন প্রতিবেদন প্রদানের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | প্রতি মাসে স্ব-স্ব শাখা পরিদর্শন করে সমন্বয় সভার পূর্বে বিভাগীয় প্রধানগণ ব্যবস্থাপনা পরিচালক বরাবরে প্রতিবেদন দাখিল করবেন। | স্ব স্ব বিভাগীয় প্রধান ও প্রশাসন শাখা |
| ০৯। | নতুন মুখের সন্ধান। | নতুন মুখের সন্ধানের আওতায় শিল্পী নির্বাচনের লক্ষ্যে সংশ্লিষ্টদের সমন্বয়ে একাধিক সভা করা হয়েছে। এ বিষয়ে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। | প্রয়োজনীয় যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | উৎপাদন বিভাগ |
| ১০। | "বিএফডিসি কমপ্লেক্স নির্মাণ" প্রকল্পের আওতায় নির্মিতব্য ভবনের ভাড়ার হার নির্ধারণ। | সভায় জানানো হয় "বিএফডিসি কমপ্লেক্স নির্মাণ" শীর্ষক প্রকল্পের আওতায় নির্মিতব্য ভবনের বিভিন্ন ফ্লোর ও রুম, গাড়ী পার্কিংয়ের স্থানসহ অন্যান্য স্থানের ভাড়া নির্ধারণের নিমিত্ত গঠিত কমিটির প্রতিবেদন অতিশীঘ্র দাখিল করা হবে। | গঠিত কমিটিকে এতদংসক্রান্ত প্রতিবেদন/ প্রস্তাবনা দাখিলের জন্য বলা হলো। | গঠিত কমিটি |
| ১১। | সরকারি অনুদানের ছবি। | সরকারি অনুদানপ্রাপ্ত বিএফডিসি প্রযোজিত "চাদর" চলচ্চিত্রের কাজ শেষ হয়েছে। সেন্সরের জন্য জমা দেয়ার প্রক্রিয়া গ্রহণ করা হচ্ছে। | সরকারি অনুদানপ্রাপ্ত "চাদর" চলচ্চিত্রের সেন্সরের জন্য প্রক্রিয়া গ্রহণ করতে হবে। | পরিচালক (উৎপাদন) |
| ১২। | কবিরপুরস্থ "বঙ্গবন্ধু শেখ মুজিব ফিল্ম সিটি" সম্পর্কিত। | অতিরিক্ত পরিচালক (উৎপাদন) সভায় জানান, শীত মৌসুমে পিকনিক এর জন্য বিভিন্ন প্রতিষ্ঠান "বঙ্গবন্ধু শেখ মুজিব ফিল্ম সিটি"তে আসে। এজন্য ফিল্ম সিটির ডরমেটরী ভবনসহ টিনশেড ও গেট মেরামত করাসহ কিছু কিছু সংস্কার প্রয়োজন। এছাড়া পুকুরের ভাঙ্গানের কারণে দেয়াল ধ্বসে পড়ে যেতে পারে। ঘাস কাঁটার জন্য মেশিন ক্রয় করা প্রয়োজন। তিনি আর জানান, ফিল্ম সিটির ৪৬ শতাংশ জমির নাম জারী করা প্রয়োজন। সভায় আলোচনাকালে মত প্রকাশ করা হয় যে, যেহেতু "বঙ্গবন্ধু শেখ মুজিব ফিল্ম সিটি (পর্যায়-২)" প্রকল্পটি অনুমোদিত হয়েছে, সেহেতু বড়ধরণের কোন সংস্কার কাজ না করে আপাততঃ যেটুকু অত্যাবশ্যকীয়, সেটুকুর সংস্কার কাজ করা যেতে পারে। তবে এক্ষেত্রে ফিল্ম সিটির ইনচার্জসহ দায়িত্বপ্রাপ্ত অন্যান্যদের একটি প্রতিবেদন দেয়ার জন্য বলা যেতে পারে। নামজারীর কার্যক্রম | (ক)"বঙ্গবন্ধু শেখ মুজিব ফিল্ম সিটি (পর্যায়-২)" প্রকল্পটি অনুমোদিত হওয়ায় বড়ধরণের কোন সংস্কার কাজ না করে আপাততঃ যেটুকু অত্যাবশ্যকীয়, সেটুকুর সংস্কার কাজ করা যেতে পারে। এতদবিষয়ে ফিল্ম সিটির ইনচার্জসহ দায়িত্বপ্রাপ্তগণ একটি প্রতিবেদন দিবেন।<br>(খ) ফিল্ম সিটির ৪৬ শতাংশ জমির নামজারীর কার্যক্রম শুরু করতে হবে।<br>(গ) সার্বিক বিষয়ে অতিরিক্ত পরিচালক (উৎপাদন) প্রয়োজনীয় কার্যক্রম শুরু করবেন। তিনি কবিরপুর পরিদর্শনপূর্বক একটি প্রতিবেদন দাখিল করবেন। | ইনচার্জ, ও সহকারী ইনচার্জ "বঙ্গবন্ধু শেখ মুজিব ফিল্ম সিটি" এবং অতিরিক্ত পরিচালক (উৎপাদন)<br>অতিরিক্ত পরিচালক (উৎপাদন) |

| | | | |
|---|---|---|---|
| | শুরু করা যেতে পারে। সার্বিক বিষয়ে অতিরিক্ত পরিচালক (উৎপাদন) প্রয়োজনীয় কার্যক্রম শুরু করতে পারেন। | (ঘ) কবিরপুস্থ "বঙ্গবন্ধু শেখ মুজিব ফিল্ম সিটি"র বিষয়ে আলাদা সভার আয়োজন করতে হবে। | অতিরিক্ত পরিচালক (উৎপাদন) |
| বাংলাদেশ টেলিভিশন চট্টগ্রাম কেন্দ্রের জায়গা থেকে বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশনের অনুকূলে হস্তান্তরিত জমি প্রসঙ্গে। | ব্যবস্থাপনা পরিচালক সভায় জানান, সমঝোতা স্মারক (MoU) অনুযায়ী বিএফডিসির অনুকূলে বাংলাদেশ টেলিভিশন চট্টগ্রাম কেন্দ্রের ভূমি হতে বরাদ্দকৃত জমি সুটিং স্পট নির্মাণের উপযোগী না হওয়ায়, ২য় পর্যায়ে গত ১০/০৯/২০২৩ তারিখে স্বাক্ষরিত MoU এর প্রেক্ষিতে বিটিভি চট্টগ্রাম কেন্দ্রের মালিকানাধীন ও দখলী ১০.০০ একর জমি হতে ব্যবহারের নিমিত্ত খতিয়ান নং-৪৭৫ থেকে ১.০০ একর এবং সৃজিত খতিয়ান ২/২ থেকে ০.৩৭০০ একর মোট ১.৩৭০০ একর জমি বিএফডিসি'র অনুকূলে বরাদ্দকৃত জমির সীমানা চিহ্নিত করার জন্য সহকারী প্রকৌশলী (সিভিল) কে দায়িত্ব প্রদান করা হয়েছে। তিনি বর্তমানে চট্টগ্রামে রয়েছেন। সীমানা নির্ধারণ হলে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা যাবে। | সীমানা নির্ধারণের কার্যক্রম তদারকিসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী প্রকৌশলী (সিভিল) ও উন্নয়ন কর্মকর্তা |
| ডিসিপি মেশিন মেরামত। | সভায় জানানো হয়, দীর্ঘদিন যাবত ডিসিপি মেশিনটি অকেজো হয়ে পড়ে আছে। মেশিনটি মেরামত করা প্রয়োজন। সভায় আলোচনাকালে মেশিনটি মেরামত করার উদ্যোগ নেয়ার বিষয়ে সকলে একমত পোষণ করেন। | ডিসিপি মেশিনটি মেরামতের উদ্যোগ নিতে হবে। | পরিচালক (কারিগরি ও প্রকৌশল) |

**বিবিধ-:** মাসিক সমন্বয় সভার সিদ্ধান্তের আলোকে সংশ্লিষ্ট সকলকে যার যার প্রযোজ্য অংশের সিদ্ধান্ত বাস্তবায়ন করতঃ আগামী ১২/১২/২০২৩ তারিখের মধ্যে অগ্রগতি প্রতিবেদন দাখিল করতে হবে মর্মে উল্লেখপূর্বক আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৪/১২/২০২৩
(নুজহাত ইয়াসমিন)
অতিরিক্ত সচিব
ও
ব্যবস্থাপনা পরিচালক।

বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন
প্রশাসন শাখা।

সূত্র : ১৫.৬০.০০০০.০০২.০৩.৭৪৩(অংশ-২).২২- ১৪৪০ (২)

তারিখ : ০৪ ডিসেম্বর, ২০২৩ খ্রিস্টাব্দ
২০ অগ্রহায়ণ, ১৪৩০ বঙ্গাব্দ

গত ২৩/১১/২০২৩ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশনের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর ফটোকপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে প্রেরণ করা হলো :

০১। বিভাগীয় প্রধান........................................................................, এফডিসি, ঢাকা।

০২। জনাব/শাখা প্রধানগণ ........................................................................, এফডিসি, ঢাকা।

৪/১২/২৩
(এ,কে,এম, আমিনুল করিম খান)
সহকারী পরিচালক (প্রশাসন) (অঃদাঃ)।